# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১৩৫

১/ বিবিধ

আরবী

ما أتى رسول الله صلى الله عليه وسلم أحدا من نسائه إلا متقنعا، يرخي الثوب على رأسه، وما رأيته من رسول الله صلى الله عليه وسلم ولا رآه مني
موضوع

رواه أبو الشيخ في " أخلاق النبي صلى الله عليه وسلم " (ص 251 - 252) عن محمد ابن القاسم الأسدي: نا كامل أبو العلاء عن أبي صالح - أراه - عن ابن عباس قال: قالت عائشة رضي الله عنها: فذكره
قلت: وهذا إسناد موضوع، آفته الأسدي هذا كذبه أحمد وقال أحاديثه موضوعة، ليس بشيء
وأبو صالح هو باذام وهو ضعيف
والشطر الثاني من الحديث قد روي من طريقين آخرين ولكنهما واهيان كما بينته في " آداب الزفاف " (ص 32 - الطبعة الثانية) وذكرت هناك عن عائشة نفسها ما يدل على بطلانه
وأما الشطر الأول، فمع تفرد ذاك الكذاب به فإنه يدل على بطلانه أيضا القرآن الكريم وهو قول الله عز وجل: " نساؤكم حرث لكم فأتوا حرثكم أنى شئتم " أي: كيف شئتم. فمع هذه الإباحة الصريحة في كيفية الإتيان، لا يعقل هذا التضييق الذي تضمنه هذا الحديث الموضوع كما لا يخفى

বাংলা

১১৩৫। রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার কোন এক স্ত্রীর নিকটেও মাথা ও তার অধিকাংশ চেহারা না ঢেকে আসতেন না। তিনি তার মাথার উপরে কাপড় ঝুলিয়ে দিতেন। আমি রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর মাথার কিছুই দেখিনি আর তিনিও আমার মাথার কিছুই দেখেননি।

হাদিসটি বানোয়াট।

হাদীসটি আবুশ শাইখ "আখলাকুন্নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম" গ্রন্থে (২৫১-২৫২) মুহাম্মাদ ইবনুল কাসেম আল-আসাদী সূত্রে কামেল আবুল আলা হতে, তিনি আবূ সালেহ হতে, তিনি ইবনু আব্বাস (রাঃ) হতে বর্ণনা করেছেন, আয়েশা (রাঃ) বলেনঃ ...।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি বানোয়াট, এর সমস্যা হচ্ছে আল-আসাদী। তাকে ইমাম আহমাদ মিথ্যুক আখ্যা দিয়ে বলেছেনঃ তার হাদীসগুলো বানোয়াট, কিছুই না।

আর আবু সালেহ্ এর নাম হচ্ছে বাযাম, তিনি দুর্বল বর্ণনাকারী।

উক্ত হাদীসের দ্বিতীয় অংশটি ভিন্ন দুটি সূত্রে বর্ণিত হয়েছে কিন্তু সে সূত্র দুটিও খুবই দুর্বল যেমনটি “আদাবুয যুফাফ” গ্রন্থে তার ব্যাখ্যা প্রদান করেছি।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72014

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন